# বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

প্লট # ই- ৫/এ, আগারগাঁও  প্রশাসনিক এলাকা,
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।
**web:www.btrc.gov.bd**

স্মারক নং- ১৪.৩২.০০০০.০০০.৫০১.৪২.০০০৩.২৫.৮৮ তারিখ: ১৮/০৩/২০২৫ খ্রি:

**এ্যামেচার রেডিও লাইসেন্স প্রাপ্তি পরীক্ষা ২০২৫ এর বিজ্ঞপ্তি**

এতদ্দ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এ্যামেচার রেডিও লাইসেন্স প্রদানের লক্ষ্যে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন কর্তৃক এ্যামেচার রেডিও লাইসেন্স পরীক্ষা-২০২৫ অনুষ্ঠিত হতে যাচ্ছে। পরীক্ষা সংক্রান্ত তথ্য/উপাত্ত নিয়ে ছকে বর্ণিত হলো:

| তারিখ ও বার | সময় | বিষয় | পরীক্ষার স্থান |
|---|---|---|---|
| ০৯/০৫/২০২৫ খ্রি: (শুক্রবার) | ১০:০০-১১:৩০ | লিখিত পরীক্ষা (নৈর্বাত্তিক এবং সংক্ষিপ্ত প্রশ্নাবলী) নম্বর-১০০ | প্রবেশপত্রে উল্লেখ করা হবে |

**সিলেবাসঃ** তাত্ত্বিক পরীক্ষায় বেসিক ইলেক্ট্রনিক্স, ফান্ডামেন্টাল রেডিও ইঞ্জিনিয়ারিং, রেডিও রেগুলেশন, এ্যামেচার রুলস, কোডস ও ব্যবহারিক জ্ঞান ইত্যাদি বিষয়ে প্রশ্ন থাকবে।

**প্রশ্নব্যাংকঃ** পরীক্ষা গ্রহণের নির্ধারিত তারিখের প্রায় ০২ (দুই) সপ্তাহ পূর্বে এ্যামেচার রেডিও লাইসেন্স প্রাপ্তি পরীক্ষার প্রশ্ন-ব্যাংক (Question Bank) বিটিআরসি'র অফিসিয়াল ওয়েবসাইটে (www.btrc.gov.bd) প্রকাশ করা হবে।

**আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই অনুসরণ করতে হবে:**

১। আগ্রহী প্রার্থীকে এ্যামেচার বেতারযন্ত্র সম্বন্ধে কারিগরি জ্ঞানসম্পন্ন বাংলাদেশী নাগরিক হতে হবে।
২। পরীক্ষায় আগ্রহী প্রার্থীর বয়স ০৯/০৫/২০২৫ খ্রি: তারিখে ন্যূনতম ১৮ বছর হতে হবে। মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) সমমানের পরীক্ষার সনদপত্রে উল্লিখিত জন্ম তারিখ অনুযায়ী প্রার্থীর বয়স গণনা করা হবে। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
৩। ভুল তথ্য/মিথ্যা তথ্য দ্বারা অনলাইনে আবেদন করা হলে বা কোন তথ্য গোপন করলে আবেদন বাতিল করা হবে। প্রযোজ্য ক্ষেত্রে বিধি মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
৪। লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ./ডি.এ, প্রদান করা হবে না।
৫। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ নিম্নোক্ত কাগজপত্রাদির মূল এবং ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা অথবা বিটিআরসি'র কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ০১ (এক) সেট অনুলিপি সহ বিটিআরসি'র প্রধান কার্যালয়ে সশরীরে উপস্থিত হয়ে যাচাই-বাছাই সাপেক্ষে পরীক্ষায় উত্তীর্ণের সার্টিফিকেট গ্রহণ করতে পারবেন:

(ক) জাতীয় পরিচয়পত্র/ জন্ম সনদ/ পাসপোর্ট এর সত্যায়িত অনুলিপি;
(খ) মাধ্যমিক/ সমমানের পরীক্ষার সনদ সহ অন্যান্য সকল উচ্চতর শিক্ষাগত যোগ্যতার সনদসমূহের সত্যায়িত অনুলিপি;
(গ) ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি।

৬। কমিশন কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ অংশ বাতিল করার অধিকার সংরক্ষণ করে।
৭। কেবলমাত্র লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণই সনদপত্র প্রাপ্তির জন্য যোগ্য বলে বিবেচিত হবেন।
৮। **আবেদনপত্র পূরণ সংক্রান্ত নির্দেশাবলি:**
ক) আগ্রহী প্রার্থীগণ http://btrcar.teletalk.com.bd এ ওয়েবসাইটে গিয়ে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) অনলাইনে আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ২০/০৩/২০২৫ খ্রি:, সকাল ১০:০০ ঘটিকা।
(ii) অনলাইনে আবেদনপত্র Submit করার শেষ তারিখ ও সময়: ১৭/০৪/২০২৫ খ্রি:, বিকাল ০৫:০০ ঘটিকা।
উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ অনলাইনে আবেদনপত্র দাখিলের সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) অনলাইন আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ pixel × প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ pixel × প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

(গ) অনলাইনে পূরণকৃত আবেদনপত্রে প্রদত্ত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু অনলাইন আবেদনপত্র Submit করার পূর্বে প্রদত্ত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে বা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে বা বিজ্ঞপ্তিতে চাওয়া যোগ্যতার সাথে অসামঞ্জস্যপূর্ণ কোন তথ্য দাখিল করা হলে বা বিজ্ঞপ্তির নির্দেশনা লঙ্ঘন পূর্বক কোন আবেদন পাওয়া গেলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা যে কোনো পর্যায়ে বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

(ঘ) প্রার্থী অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে ব্যবহারের জন্য সংরক্ষণ করবেন।

(ঙ) এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদানের পদ্ধতি:

(i) অনলাইনে আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি এবং স্বাক্ষর Upload করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit কর সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Application Form এর Copy পাবেন। উক্ত Application Form এর Copy প্রার্থী প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন।

(ii) Application Form এর Copy তে একটি User ID দেয়া থাকবে। উক্ত User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে টেলিটকের যে কোন প্রিপেইড নম্বরের মাধ্যমে নিম্নোক্তভাবে ০২ (দুই) টি এসএমএস করে পরীক্ষার ফি বাবদ ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা এবং এবং টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ১৫০ (একশত পঞ্চাশ) টাকা সহ সর্বমোট ১,৬৫০/- (এক হাজার ছয়শত পঞ্চাশ) টাকা আবেদন দাখিলের সময় হতে অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন।

১ম এসএমএস এর ফরম্যাট: BTRCAR<SPACE>USER ID লিখে 16222 নম্বরে Send করতে হবে। Example: BTRCAR ABCDEF

১ম এসএমএস এর Reply: (Applicant's Name), Tk.1650 will be charged as application fee, Your PIN is XXXXX. To pay fee Type BTRCAR<Space>YES<Space>PIN and send to 16222

২য় এসএমএস এর ফরম্যাট: BTRCAR<Space>YES<Space>PIN লিখে 16222 নম্বরে Send করতে হবে। Example: BTRCAR YES 12345678

২য় এসএমএস এর Reply: Congratulations (Applicant's Name), payment completed successfully for BTRCAR. User ID is (ABCDEF) and Password (XXXXXXX),

বিশেষভাবে উল্লেখ্য, অনলাইনে আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত উক্ত আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।

(চ) এসএমএস এর মাধ্যমে প্রাপ্ত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, ছবি, পরীক্ষার তারিখ, পরীক্ষার সময়, ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print করে নিবেন। প্রার্থী কর্তৃক এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে সনদপত্র গ্রহণের সময় প্রদর্শন করতে হবে।

(ছ) প্রবেশপত্র সংগ্রহের নোটিশ http://btrcar.teletalk.com.bd এবং www.btrc.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে। এছাড়া প্রবেশপত্র সংগ্রহ সংক্রান্ত এসএমএস যোগ্য প্রার্থীদের মোবাইল ফোন নম্বরে প্রেরণ করা হবে।

(জ) অনলাইন আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোন নম্বরেই পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ করা হবে বিধায় উক্ত মোবাইল ফোন নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, এসএমএস পড়া এবং প্রাপ্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ঝ) শুধুমাত্র টেলিটক প্রিপেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত এসএমএস পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন:

(i) User ID জানা থাকলে: BTRCAR<Space>HELP<Space>USER<Space>User ID লিখে 16222 নম্বরে Send করতে হবে। Example: BTRCAR HELP USER ABCDEF ।


(ii) PIN জানা থাকলে: BTRCAR<Space>HELP<Space>PIN<Space>PIN No. লিখে 16222 নম্বরে Send করতে হবে। Example: BTRCAR HELP PIN 12345678 ।

(ঞ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটকের যে কোন নম্বর থেকে ১২১ নম্বরে অথবা যে কোন অপারেটরের ফোন থেকে ০১৫০০১২১১২১ নম্বরে কল করুন। এছাড়াও, বিকল্প হিসাবে alljobs.query@teletalk.com.bd অথবা amateure2025@btrc.gov.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। ই-মেইল প্রেরণের ক্ষেত্রে Subject এ Organization Name "BTRCAR", User ID, Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।

৯। লিখিত পরীক্ষায় কৃতকার্য প্রার্থীদের ফলাফল এসএমএস এর মাধ্যমে এবং বিটিআরসি'র অফিসিয়াল ওয়েবসাইট (www.btrc.gov.bd) দ্রুততম সময়ের মধ্যে প্রকাশ করা হবে।

১০। লিখিত পরীক্ষায় কৃতকার্য এবং বিটিআরসি হতে সার্টিফিকেট প্রাপ্ত প্রার্থীগণ পরবর্তীতে এ্যামেচার রেডিও লাইসেন্স প্রাপ্তির জন্য প্রচলিত নিয়ম অনুযায়ী আবেদন করতে পারবেন। লিখিত পরীক্ষায় কৃতকার্য হলেও সার্টিফিকেট গ্রহণ করেনি এমন প্রার্থীগণ এ্যামেচার রেডিও লাইসেন্সের জন্য বিবেচিত হবেন না।

১১। এ্যামেচার রেডিও লাইসেন্স প্রাপ্তি সংক্রান্ত এই পরীক্ষার যে কোন বিষয়ে কমিশনের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।



১৮-০৩-২০২৫
(কাজী মোঃ আহসানুল হাবীব মিথুন)
উপ-পরিচালক
স্পেকট্রাম বিভাগ, বিটিআরসি।